

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৩৯

১৯. অনুমতি গ্রহণ অধ্যায় (كتاب الاستئذان)

পরিচ্ছেদঃ ৬৫. কৌতুক-রসিকতা সম্পর্কে

باب فِي الْمُزَاحِ

আরবী

حَدَّثَنَا أَبُو عَاصِمٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُبَيْدٍ عَنْ أَنَسٍ قَالَ كَانَ غُلَامٌ يَسُوقُ بِأَزْوَاجِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ يَا أَنْجَشَةُ رُوَيْدًا سَوْقَكَ بِالْقَوَارِيرِ

বাংলা

২৭৩৯. আনাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, একটি গোলাম রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সহধর্মিনীগণকে নিয়ে উট হাকিয়ে যাচ্ছিলেন। তখন তিনি (গোলামটিকে) বললেন: "হে আনজাশা! তোমার কাঁচপাত্র (রূপী স্ত্রীলোকদের)কে নিয়ে ধীরে চালাও।"[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদের কোনো নাকও নেই, লাগামও (আগা-মাথা কিছুই) নেই। তবে হাদীসটি সহীহ, এটি বুখারী ও মুসলিম সম্মিলিতভাবে বর্ণনা করেছেন।

তাখরীজ: বুখারী, আদাব ৬১৪৯; মুসলিম, আলফাজ ২৩২৩।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ২৮০৯, ২৮১০, ২৮৬৮, ৩১২৬, ৪০৬৪, ৪০৭৫ ও সহীহ ইবনু হিব্বান নং ৫৮০১, ৫৮০২, ৫৮০৩ ও মুসনাদুল হুমাইদী নং ১২৪৩ তে।

সংযোজনী: ইবনু সা'দ, ৮/৩১৫, রমহরমুযী, আমছালুল হাদীস ৮৭, ৮৮; আবূ নুয়াইম, হিলইয়া ৩/১০৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=83024



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন